

## পঞ্চম অধ্যায়

# শিশুর বিকাশে খেলাধুলা

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. কোনটি গঠনমূলক খেলা?**
ⓚ সাঁতার কাটা ⓜ সাইকেল চালানো ● পুতুল তৈরি ⓞ কানামাছি

**২. কোন খেলাটির মাধ্যমে নেতৃত্বদানের গুণটি গড়ে ওঠে?**
ⓚ রং করা ⓜ দাবা ● ফুটবল ⓞ ছবি আঁকা

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :**
ফাহিম খুব ভালো ছাত্র। অবসর সময়ে গল্পের বই পড়ে ও ছবি এঁকে খুব মজা পায়। মায়ের সাথে দাবা খেলে প্রায়ই সে জিতে যায়।

**৩. খেলার মাধ্যমে ফাহিমের মাঝে কোনটির বিকাশ ঘটে?**
● নৈপুণ্যতা ⓜ সামাজিকতা অনুকরণীয় মনোভাব পেশির সবলতা

**৪. নিচের কোন ক্ষেত্রে ফাহিমের অগ্রগতি হচ্ছে–**
i. মানসিক বিকাশ ii. বুদ্ধিমত্তা
iii. উদ্ভাবনী শক্তি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓜ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পাঠ ১ : খেলাধুলার শ্রেণিবিভাগ ■ পৃষ্ঠা – ৪০

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫. স্বতঃস্ফূর্ত ও আনন্দদায়ক সৃজনধর্মী আচরণকে কী বলে?** (জ্ঞান)
● খেলা ⓜ নৃত্য ⓖ অনুশীলন ⓞ সদ্ব্যবহার

**৬. ফুটবল কোন শ্রেণির খেলার অন্তর্ভুক্ত?** (জ্ঞান)
● অঙ্গ সঞ্চালনমূলক ⓜ আবিষ্কারমূলক ⓖ কাল্পনিক ⓞ গঠনমূলক

**৭. শিশুরা খেলাধুলা করে কেন?** (অনুধাবন)
ⓚ শিৰালাভের জন্য ● আনন্দ লাভের জন্য
ⓖ দৰতা বৃদ্ধির জন্য ⓞ দৈহিক বৃদ্ধির জন্য

**৮. গঠনমূলক খেলার উদাহরণ কোনটি?** (জ্ঞান)
ⓚ মা সেজে পুতুল নিয়ে খেলা ⓜ পুলিশের ভূমিকায় অভিনয় করা
ⓖ ফেরিওয়ালার ভূমিকায় অভিনয় করা ● কাদা মাটি দিয়ে কিছু তৈরি করা

**৯. মিতু কাদামাটি দিয়ে অনেক সুন্দর সুন্দর জিনিস তৈরি করে খেলা করে। মিতুর খেলা কোন ধরনের?** (প্রয়োগ)
● গঠনমূলক ⓜ নাটকীয় ⓖ আবিষ্কারমূলক ⓞ অভ্যন্তরীণ

**১০. মিঠুন তার বাবার এনে দেওয়া ছোট ছোট গাড়ি, পিস্তল ভেঙে ফেলে সেগুলোকে খুঁটিয়ে দেখে আনন্দ পায়। এটি কোন ধরনের খেলা?** (প্রয়োগ)
ⓚ অভ্যন্তরীণ খেলা ⓜ গঠনমূলক ⓖ নাটকীয় খেলা ● আবিষ্কারমূলক

**১১. খেলাধুলা শিশুকে অপরাধ প্রবণতা থেকে রক্ষা করে। এর যথার্থ কারণ কী?** (উচ্চতর দৰতা)
ⓚ এটি পেশিকে সুদৃঢ় করে ● শিশুর বিনোদনের মাধ্যম
ⓖ এটি বুদ্ধিমত্তার বিকাশ ঘটায় ⓞ কল্পনাশক্তির বিকাশ ঘটায়

**১২. শরীরের অঙ্গপ্রত্যঙ্গ সঞ্চালনের মাধ্যমে শিশুরা যে খেলাগুলো খেলে তাকে কী বলে?** [বিএন কলেজ, ঢাকা]
ⓚ গঠনমূলক খেলা ⓜ আবিষ্কারমূলক খেলা
● অঙ্গ সঞ্চালনমূলক খেলা ⓞ নাটকীয় খেলা

**১৩. কত বছর বয়সের শিশুরা গঠনমূলক খেলা করতে শেখে?** (জ্ঞান)
● ৩ ⓜ ৪ ⓖ ৫ ⓞ ৬

**১৪. বাস্তব জীবনের অনুকরণে শিশু যে খেলা খেলে তাকে কী বলে?** (জ্ঞান)
ⓚ গঠনমূলক খেলা ⓜ আবিষ্কারকমূলক খেলা
ⓖ সাদৃশ্য খেলা ● নাটকীয় খেলা

**১৫. কোনটি অভ্যন্তরীণ খেলা?** [সরকারি বালিকা বিদ্যালয়, বরিশাল]
ⓚ ফুটবল ⓜ গোলাছুট ● বাগাডুলি ⓞ কাবাডি

#### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৬. খেলার প্রতি শিশুদের সর্বাপেক্ষা অধিক আগ্রহ লক্ষ করা যায় কারণ–** [বিএন কলেজ, ঢাকা]
i. খেলা হলো স্বতঃস্ফূর্ত ও আনন্দদায়ক ii. খেলা সৃজনধর্মী
iii. এতে কোনো বাধা নেই
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓜ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৭. খেলাধুলার মাধ্যমে শিশুর মধ্যে যেসব গুণের বিকাশ ঘটে তা হলো–** [বি কে জি সি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ]
i. দৈহিক দৰতা ii. সামাজিক দৰতা iii. মানসিক দৰতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓜ ii ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

**১৮. আট বছরের বাঁধন বই পড়ে, টিভি দেখে। এতে তার মধ্যে যেসব গুণের বিকাশ ঘটে তা হলো–** (প্রয়োগ)
i. কল্পনা শক্তি ii. ভাষার বিকাশ iii. সৃজনশীলতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓜ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৯. অভ্যন্তরীণ খেলার মাধ্যমে শিশুর মধ্যে বিকাশ ঘটে–** (অনুধাবন)
i. অঙ্গ সঞ্চালনমূলক দৰতার ii. বুদ্ধিমত্তার iii. সৃজনশীলতার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓜ i ও iii ● ii ও iii ⓞ i, ii ও iii

**২০. শিশু খেলার সময় তার পুতুলের মা সেজে পুতুলকে বিয়ে দেয়। তাকে আদর করে। এ ধরনের খেলা শিশুদের –** (উচ্চতর দৰতা)
i. কল্পনা শক্তি বৃদ্ধি করে ii. সামাজিক বিকাশ ঘটায়
iii. আবেগকে বিকশিত করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓜ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

#### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ২১ ও ২২ নং প্রশের উত্তর দাও:**
মাসুদ সাহেব তার ছেলের জন্য একটি খেলনা মোটরসাইকেল কিনে আনলেন। তার ছেলে খেলনাটি পেয়ে ভীষণ খুশি হলো। সে এটিকে খুঁটিয়ে খুঁটিয়ে দেখল এবং একপর্যায়ে কৌতূহলবশত ভেঙে ফেলল।

**২১. অনুচ্ছেদে শিশুর কোন ধরনের খেলার দিকটি ফুটে উঠেছে?** (প্রয়োগ)
● আবিষ্কারমূলক ⓜ গঠনমূলক ⓖ নাটকীয় ⓞ অঙ্গ সঞ্চালনমূলক

**২২. এ ধরনের খেলার মাধ্যমে মাসুদ সাহেবের ছেলে লাভ করবে–** (উচ্চতর দৰতা)
i. খেলনার আকার আকৃতি সম্পর্কে ধারণা ii. খেলনার গঠন সম্পর্কে ধারণা
iii. খেলনার কাজ সম্পর্কে ধারণা
**নিচের কোনটি সঠিক?**
● iও ii ⓜ i ও iii ⓖ ii ও iii ⓞ i, ii ও iii

### পাঠ ২ : শারীরিক বিকাশে খেলাধুলা ■ পৃষ্ঠা – ৪২

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৩. কোন ধরনের খেলা শিশুর শ্বাস-প্রশ্বাসের গতি দ্রুত ও গভীর করে? [এসওএস হারম্যান মেইনার স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক আবিষ্কারমূলক খ গঠনমূলক ● অঙ্গ সঞ্চালনমূলক ঘ কাল্পনিক

২৪. কিসের মাধ্যমে অনুপ্রাণিত হয়ে শিশুর মধ্যে নতুন উদ্যম ও সচেতনতা ফিরে আসে? (জ্ঞান)
ক পড়াশোনা ● খেলাধুলা গ ঘুম ঘ বেড়ানো

২৫. খাদ্য হতে প্রাপ্ত শক্তি দেহে জমা থাকে কেন? (অনুধাবন)
● শারীরিক পরিশ্রম না হওয়ায় খ মানসিক বিকাশ না হওয়ায়
গ সামাজিক দক্ষতা অর্জন না হওয়ায় ঘ নৈতিক বিকাশ না ঘটায়

২৬. খেলাধুলার ফলে দেহের বাড়তি শক্তি কিসের মাধ্যমে দেহ হতে বের হয়ে যায়? [এস ও এস হারম্যান মেইনার স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক প্রশমন খ জারন ● দহন ঘ বিপাক

২৭. কোন ধরনের খেলা শিশুর শরীর থেকে দূষিত পদার্থ বেরিয়ে যেতে সাহায্য করে? (জ্ঞান)
● অঙ্গ সঞ্চালনমূলক খ গঠনমূলক
গ আবিষ্কারমূলক ঘ কাল্পনিক

২৮. শিশুর শারীরিক বিকাশ ও সুস্থতায় অবদান রাখে কোন ধরনের খেলা? (জ্ঞান)
ক অভ্যন্তরীণ ● বহিরাঙ্গন গ কাল্পনিক ঘ গঠনমূলক

২৯. অতিরিক্ত শক্তি দেহে কী হিসেবে জমা থাকে? [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, খুলনা; লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক শর্করা খ আমিষ ● মেদ ঘ পানি

৩০. কোনটি শিশু শরীর থেকে বাড়তি শক্তি বেরিয়ে যেতে সহায়তা করে? (প্রয়োগ)
ক খাদ্য গ্রহণ ● খেলাধুলা গ পড়াশোনা ঘ বিশ্রাম

৩১. প্রতিটি সুস্থ শিশু অধিকাংশ সময় কী করে কাটায়? (জ্ঞান)
ক পড়াশোনা খ ঘরের কাজ ● খেলাধুলা ঘ দৌড়ঝাপ

৩২. শহরের শিশুরা সাধারণত কোন ধরনের খেলা খেলে? (জ্ঞান)
ক হাডুডু খ দাবা ● কম্পিউটার গেমস ঘ গোলরাছুট

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৩. সাহেদের বয়স পাঁচ বছর। তার কোনো খেলার সাথী নেই। সে সারা দিন একাকী সময় কাটায়। এতে করে তার– [বিএন কলেজ, ঢাকা]
i. শরীরে অতিরিক্ত মেদ বা চর্বি জমে ii. শরীরের ওজন বেড়ে যাচ্ছে
iii. শরীরের পেশি সুগঠিত হচ্ছে
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, iii ও iii

৩৪. নিয়মিত খেলাধুলার মাধ্যমে শিশুদের – (অনুধাবন)
i. সুস্থতা প্রকাশ পায় ii. ক্ষুধা বাড়ে
iii. মাংসপেশি সহজ ও সবল থাকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৩৫. নিয়মিত খেলাধুলা করলে– (অনুধাবন)
i. রক্ত চলাচল ভালো হয় ii. হজম শক্তি বৃদ্ধি পায়
iii. বিশুদ্ধ পদার্থ ঘামের মাধ্যমে বের হয়ে যায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৩৬. দীর্ঘ সময় কম্পিউটারে গেমস খেললে শারীরিক যেসব ক্ষতি হতে পারে তা হলো– [পাবনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, পাবনা]
i. পিঠে ও কোমরে ব্যথা ii. অঙ্গপ্রত্যঙ্গ সুগঠিত না হওয়া
iii. চোখে নানারকম সমস্যা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৩৭. খেলা শিশুর অঙ্গপ্রত্যঙ্গ– (অনুধাবন)
i. বলিষ্ঠ করে ii. দুর্বল করে iii. শক্ত করে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৮ ও ৩৯ নং প্রশ্নের উত্তর দাও :

মাহিনের বয়স ১২ বছর। সে খুবই দুর্বল প্রকৃতির। খাবারের প্রতিও তার রুচি নেই। ডাক্তার তাকে দৌড় ঝাঁপ, সাঁতার কাটা, সাইকেল চালানো ইত্যাদির অভ্যাস করতে বলেছেন।

৩৮. ডাক্তারের পরামর্শ নিচের কোনটিকে নির্দেশ করে? (প্রয়োগ)
● খেলাধুলা খ ছবি আঁকা গ পড়ালেখা ঘ অভিনয় করা

৩৯. উক্ত বিষয়ের অভ্যাসের ফলে মাহিনের– (উচ্চতর দক্ষতা)
i. রক্ত চলাচল ভালো হবে ii. মাংসপেশি সতেজ ও সবল থাকবে
iii. হজম শক্তি বৃদ্ধি পেয়ে ক্ষুধা বাড়বে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

# পাঠ ৩ : সামাজিক বিকাশে খেলাধুলা ■ পৃষ্ঠা - ৪৩

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪০. শিশুর সামাজিকতা বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে কোনটি? (জ্ঞান)
ক ছবি আঁকা খ অভিনয় করা ● খেলাধুলা ঘ দৌড়ঝাঁপ

৪১. কত বছর বয়স থেকে শিশুরা সহযোগিতামূলক খেলা খেলতে শুরু করে? (জ্ঞান)
ক এক থেকে দুই বছর খ দুই থেকে তিন বছর
● তিন থেকে পাঁচ বছর ঘ চার থেকে পাঁচ বছর

৪২. কত বছর বয়স থেকেই শিশুদের মধ্যে সমবায় খেলার প্রবণতা লক্ষ করা যায়? (অনুধাবন)
ক দুই/তিন বছর খ তিন/চার বছর ● পাঁচ/ছয় বছর ঘ ছয়/সাত বছর

৪৩. নৈতিকতার প্রাথমিক শিক্ষা শিশু কোথা থেকে অর্জন করে? (জ্ঞান)
ক সমাজ ● পরিবার গ রাষ্ট্র ঘ সংঘ

৪৪. কোন ধরনের খেলার মাধ্যমে সামাজিক গুণগুলো অর্জিত হয়? [চট্টগ্রাম; মতিঝিল মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ক অভ্যন্তরীণ খেলা খ একাকী খেলা গ পাশাপাশি খেলা
● দলগত খেলা

৪৫. হালিম ও তার বন্ধুরা প্রতিদিন বিকেলে দলগতভাবে ফুটবল, ক্রিকেট ইত্যাদি খেলে। এতে তাদের কী ধরনের গুণাবলি অর্জিত হয়? (প্রয়োগ)
● নেতৃত্ব দানের ক্ষমতা খ চিন্তাশক্তি গ ভাষা জ্ঞান ঘ কল্পনাশক্তি

৪৬. ৪ বছরের নিশা পাশের বাড়ির বন্ধুর সাথে তার খেলনা বিনিময় করে খেলে। এটি কোন ধরনের খেলা? [রাউজক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক সাদৃশ্য খেলা খ একাকী খেলা
গ সামাজিক খেলা ● সহযোগিতামূলক খেলা

৪৭. শিশুকে তার বাবা-মা পড়াশোনার পাশাপাশি নৈতিকতার শিক্ষা দিয়ে থাকেন। ঐ নৈতিকতার চর্চা কোথায় হয়? (প্রয়োগ)
ক স্কুল ● খেলার মাঠে গ বাসায় ঘ রাস্তাঘাটে

৪৮. আত্মবিশ্বাস, ন্যায় অন্যায়, ভালোমন্দ বোধ, সৎ ও সত্যবাদিতা ইত্যাদি নৈতিক মূল্যবোধ শিশু কীভাবে অর্জন করতে পারে? [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, যশোর]
● খেলার মাধ্যমে খ টিভি দেখে গ বই পড়ে ঘ গল্প শুনে

৪৯. নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন করে কোন ধরনের খেলা? (জ্ঞান)
ক গঠনমূলক ● সমবায় গ নাটকীয় ঘ বহিরাঙ্গন

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৫০. সমবায় খেলা হলো– (অনুধাবন)
i. ক্রিকেট ii. ফুটবল iii. হা-ডু-ডু
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৫১. খেলার মাধ্যমে শিশু যে সামাজিক গুণাগুণ অর্জন করে সেগুলো হচ্ছে– (অনুধাবন)
i. সহযোগিতামূলক মনোভাব সৃষ্টি ii. দলের সাথে সহজে খাপ খাওয়ানো
iii. গঠনমূলক কাজের বিকাশ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

৫২. একাকী খেলায় শিশুরা– (অনুধাবন)
i. একা একা নিজের হাত পা নিয়ে খেলে
ii. কোনো জিনিস নেড়েচেড়ে দেখে
iii. পাশাপাশি বসে একই সরঞ্জাম দিয়ে খেলে
নিচের কোনটি সঠিক?
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫৩. নৈতিক মূল্যবোধের অন্তর্ভুক্ত হচ্ছে– (অনুধাবন)
i. সত্যবাদিতা ii. আত্মবিশ্বাস iii. ঈর্ষাপরায়ণতা
নিচের কোনটি সঠিক?

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫৪ ও ৫৫ নং প্রশ্নের উত্তর দাও :**
দীপ্ত সপ্তম শ্রেণিতে পড়ে। সময় পেলেই সে তার বন্ধুরা মিলে ক্রিকেট এবং ফুটবল খেলে।

**৫৪. দীপ্ত ও পর বন্ধুদের খেলা কিরূপ খেলাকে নির্দেশ করে?** (প্রয়োগ)
ⓚ সমবায় ⓚ একাকী ⓖ পাশাপাশি ● সহযোগিতামূলক

**৫৫. উক্ত খেলা দীপ্ত ও তার বন্ধুদের–** (উচ্চতর দৰতা)
i. সহযোগিতার মনোভাব হ্রাস করবে ii. দলীয় নিয়মকানুন মেনে চলতে অভ্যস্ত করবে
iii. সচেতনতা বৃদ্ধি করবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

## পাঠ ৪ : বুদ্ধি ও সৃজনশীলতা বিকাশে খেলাধুলা ■ পৃষ্ঠা ও ৪৫

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫৬. বুদ্ধি কী?** (জ্ঞান)
● মানসিক ৰমতা ⓚ সৃজনশীল ৰমতা
ⓖ আচরণগত ৰমতা ⓘ কৌশলগত ৰমতা

**৫৭. শিশুর জন্য খেলার পরিবেশ তৈরি করা যায় কীভাবে?** (অনুধাবন)
ⓚ দামি খেলনা কিনে দিতে হবে
ⓚ শিশুর জন্য নির্দিষ্ট কিছু খেলার সরঞ্জাম রাখতে হবে
ⓖ শিশুকে পার্কে নিয়ে যেতে হবে
● শিশুকে স্বতঃস্ফূর্তভাবে খেলতে দিতে হবে

**৫৮. মনির সাহেবের ছেলে শুভম কাগজের বাক্স, কৌটা ইত্যাদি দিয়ে নতুন কিছু তৈরি করে। শুভমের কর্মকান্ড দ্বারা কোনটি প্রকাশ পেয়েছে?** (প্রয়োগ)
● সৃজনশীলতা ⓚ মূল্যবোধ ⓖ বিনোদন ⓘ শখ

**৫৯. খেলার মাধ্যমে সৃজনশীলতার প্রকাশ ঘটানো যায়। এক্ষেত্রে অভিভাবকের করণীয় হলো–** (উচ্চতর দৰতা)
● শিশুকে খেলায় উৎসাহ দেওয়া ⓚ দামি খেলনা কিনে দেওয়া
শিশুকে নির্দিষ্ট খেলায় উৎসাহ দেওয়া ⓘ পুরনো খেলনা কিনে দেওয়া

**৬০. সৃজনশীল আচরণের গুরুত্বপূর্ণ বিষয় কোনটি?** (জ্ঞান)
স্মৃতিকে ব্যবহার করে নতুন সৃষ্টি চিন্তা ● স্মৃতিকে ব্যবহার না করে নতুন সৃষ্টির চিন্তা
ⓖ বারবার একই জিনিস সৃষ্টির চিন্তা ⓘ ব্যয়বহুল জিনিস সৃষ্টির চিন্তা

**৬১. শিশুর বুদ্ধিমত্তা বিকাশে গুরুত্বপূর্ণ বিষয় কোনটি?**
[এসওএস হারম্যান মেইনার স্কুল এন্ড কলেজ, ঢাকা]
ⓚ অধ্যবসায় ● সৃজনশীলতা ⓖ বিচৰণতা ⓘ আত্মসংযম

**৬২. সৃজনশীলতার প্রকাশ ঘটে কাসের মাধ্যমে?**
[বি কে জি সি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জ]
ⓚ পড়াশোনা ● খেলাধুলা ⓖ বিশ্রাম ⓘ ঘুরে বেড়ানো

**৬৩. সৃজনশীলতা শিশুকে কী করে?** [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, খুলনা]
ⓚ মন্থর ⓚ ধীর ⓖ স্থির ● গতিশীল

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬৪. সৃজনশীলতা অর্থ হচ্ছে –** (অনুধাবন)
i. মেধার চূড়ান্ত অভিব্যক্তি ii. উদ্ভাবনী ৰমতার বিকাশ
iii. নতুন কিছু সৃষ্টি করার ৰমতা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

**৬৫. সৃজনশীলতার প্রকাশ ঘটাতে প্রয়োগ করতে হয়–** (উচ্চতর দৰতা)
i. বুদ্ধিমত্তা ii. কল্পনাশক্তি iii. চিন্তাশক্তি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii ⓖ i ও iii ● i, ii ও iii

**৬৬. শিশুর খেলার স্থান হবে–** (অনুধাবন)
i. আলো–বাতাসপূর্ণ ii. আবদ্ধ iii. নিরাপদ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৬৭. মৌটুসী তার বাড়ির স্টোররুমে রাখা ফাঁকা দিয়াশলাইয়ের বক্স দিয়ে নতুন খেলা আবিষ্কার করল। এর মাধ্যমে নিচের যে বিষয়টি ফুটে উঠেছে–** (প্রয়োগ)
i. বুদ্ধিমত্তা ii. সৃজনশীলতা iii. মনের অব্যক্ত ইচ্ছার প্রকাশ
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

**৬৮. খেলা শিশুর বুদ্ধিমত্তা বিকাশে সহায়ক। কেননা খেলায় —** (উচ্চতর দৰতা)
i. শিশু তার চিন্তা ও কল্পনা শক্তি প্রয়োগ করে
ii. শিশু স্বতঃস্ফূর্তভাবে মনের অব্যক্ত ইচ্ছা প্রকাশ করে
iii. শিশু নিজের স্বাধীনতা প্রকাশ করে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৬৯ ও ৭০ নং প্রশ্নের উত্তর দাও :**
দীপা সপ্তম শ্রেণিতে পড়ে। অবসর সময়ে সে কাদা দিয়ে বিভিন্ন ডিজাইনের পুতুল তৈরি করে। এছাড়া সে কাগজ দিয়ে বিভিন্ন ধরনের ফুলও তৈরি করে থাকে।

**৬৯. অনুচ্ছেদে বর্ণিত কাজের মাধ্যমে দীপার কোন দিকের প্রকাশ ঘটেছে?** (প্রয়োগ)
● সৃজনশীলতা ⓚ মূল্যবোধ ⓖ নৈতিকতা ⓘ বুদ্ধিমত্তা

**৭০. উক্ত কাজের মাধ্যমে দীপা –** (উচ্চতর দৰতা)
i. মনের অব্যক্ত ইচ্ছার প্রকাশ ঘটাতে পারে
ii. সৃষ্টিশীলতার আনন্দ উপভোগ করতে পারে
iii. নিরৰরতা দূরীকরণে ভূমিকা রাখতে পারে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

## পাঠ ৫ : শিশুর শখ ও বিনোদন ■ পৃষ্ঠা - ৪৭

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭১. শখ শব্দের অর্থ কী?** [লক্ষ্মীপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ⓚ যা খুশি করা ⓚ খেলা করা
● মনের ঝোঁক বা আগ্রহ ⓘ ভ্রমণ করা

**৭২. শখ ও বিনোদনের ক্ষেত্রে নিচের কোন তথ্যটি সঠিক?** (জ্ঞান)
● শখ ও বিনোদন নির্ভর করে নিজের ইচ্ছা শক্তি ও পরিবেশের ওপর
ⓚ শখ ও বিনোদনের কোনো শিৰাগত দিক নাই
ⓖ প্রতিটি মানুষের মধ্যে একই ধরনের শখ ও বিনোদন লৰ করা যায়
ⓘ বিনোদন ও শখের কারণে মানুষ তার মূল্যবান সময় নষ্ট করে

**৭৩. সাথী প্রচুর গল্পের বই সংগ্রহ করে ও পড়ে। এতে সে কী ধরনের গুণ লাভ করে?** (প্রয়োগ)
ⓚ দলীয় নিয়মকানুন মেনে চলা ⓚ সহযোগিতামূলক মনোভাব
● কল্পনা ও চিন্তাশক্তি বৃদ্ধি ⓘ নেতৃত্ব দানের গুণাবলি অর্জন

**৭৪. গান ও আবৃত্তি শিখে কী লাভ হয়?** (জ্ঞান)
ⓚ বিভিন্ন দর্শনীয় স্থানের নাম জানা যায় ● অবসর সময়ে কাজে লাগানো যায়
ⓖ দেশের দর্শনীয় স্থান দেখা যায় ⓘ রাজনীতিতে অবদান রাখা যায়

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭৫. বাংলার দর্শনীয় স্থানগুলো ভ্রমণের মাধ্যমে –** (অনুধাবন)
i. গ্রাম বাংলার নান্দনিক রূ প লাভ করা যায়
ii. জ্ঞান ভান্ডার বৃদ্ধি করা যায়
iii. পুরস্কার লাভ করা যায়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৭৬. নিজের হাতে কার্য তৈরি করলে এবং মন্তব্য লিখলে–** (অনুধাবন)
i. সৃজনী ৰমতা বৃদ্ধি পায়
ii. উলেৰখযোগ্য স্থান সম্পর্কে জানা যায়
iii. আনন্দ লাভ হয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

**৭৭. ভিউকার্ড ও পোস্টকার্ডে থাকে–** (অনুধাবন)
i. উলেৰখযোগ্য স্থানের ছবি ii. নামকরা ব্যক্তির ছবি
iii. শিল্পকর্ম ও শিল্পপণ্যের ছবি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৭৮. বই পড়ে বৃদ্ধি করা যায়–** (অনুধাবন)
i. জ্ঞানভাণ্ডার ii. চিন্তাশক্তি iii. কল্পনা শক্তি
**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**৭৯. শখ ও বিনোদন নির্ভর করে—** (অনুধাবন)

i. নিজের ইচ্ছাশক্তি ওপর ii. পরিবারের ওপর iii. পরিবেশের ওপর

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii ● i ও iii খ ii ও iii ঘ i, ii ও iii

**৮০. মুদ্রার মাধ্যমে জ্ঞান লাভ হয়। এর যথার্থ কারণ হলো–** (উচ্চতর দক্ষতা)

i. গুরুত্বপূর্ণ ব্যক্তির ছাপ থাকে

ii. গুরুত্বপূর্ণ স্থান প্রতীক হিসেবে ব্যবহৃত হয়

iii. খ্যাতিমান ব্যক্তির জীবনী লেখা থাকে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**৮১. ডাকটিকিট সংগ্রহ করে জ্ঞান লাভ করা যায়। এর যথার্থ কারণ হলো–** (উচ্চতর দক্ষতা)

i. এর মাধ্যমে দেশ ও বিদেশ সম্পর্কে জানা যায়

ii. এর মাধ্যমে জাতীয় প্রতীক সম্পর্কে জানা যায়

iii. এটি ঐতিহাসিক স্থান ও বিখ্যাত ব্যক্তির চিত্র তুলে ধরে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৮২ ও ৮৩ নং প্রশ্নের উত্তর দাও :**

রিয়াদ কবুতর পছন্দ করে। এজন্য সে বাড়িতে কবুতর পালন করে। রিয়াদ নিয়মিতভাবে কবুতরগুলোর যত্ন নেয়। এতে সে অনেক আনন্দ লাভ করে।

**৮২. রিয়াদের কবুতর পালনের মাধ্যমে শখ ও বিনোদনের কিরূপ মাধ্যমের প্রতিফলন ঘটেছে?** (প্রয়োগ)

ক বাগান করা ● পশুপাখি পালন গ কবিতা আবৃত্তি ঘ মুদ্রা সংগ্রহ

**৮৩. শখ ও বিনোদনের উক্ত মাধ্যম রিয়াদের পরিবারে–** (উচ্চতর দক্ষতা)

i. খাদ্য চাহিদা পূরণে ভূমিকা রাখবে

ii. ভিটামিনের অভাব পূরণে ভূমিকা রাখবে

iii. সৃজনশীলতা হ্রাসে ভূমিকা রাখবে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

## অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

ফারাজ তার বিদ্যালয়ের ফুটবল টিমের নির্ভরযোগ্য গোলকিপার। সে প্রতিবেশীর বিপদে আপদে সহযোগিতা করার চেষ্টা করে। অবসর সময়ে সে প্রায়ই কাগজ কেটে বিভিন্ন রকমের ফুল, পাখি ও নকশা তৈরি করে। এ ছাড়া ডাকটিকিট সংগ্রহ করা এবং বই পড়াও তার অন্যতম শখ।

ক. দাবা কোন ধরনের খেলা? ১

খ. মুদ্রা সংগ্রহ করার অভ্যাস কেন বিনোদনের পাশাপাশি জ্ঞান বৃদ্ধিতেও সহায়ক? ২

গ. অবসর সময় কাটানোর উপায়টি ফারাজের মাঝে কোন ধরনের বিকাশ ঘটায় ব্যাখ্যা করো। ৩

ঘ. ফারাজকে অনুসরণ করার মাধ্যমে সামাজিক গুণ অর্জন সহজেই সম্ভব– বিশ্লেষণ করো। ৪

### ১নং প্রশ্নের উত্তর

ক. দাবা অভ্যন্তরীণ খেলা।

খ. পৃথিবীর বিভিন্ন দেশে ভিন্ন ভিন্ন মুদ্রা প্রচলিত। এর নামও ভিন্ন। আবার মুদ্রার ওপর বিভিন্ন দেশের গুরুত্বপূর্ণ ব্যক্তি, স্থান ও প্রতীকের ছাপ থাকে। যা থেকে ঐ দেশের কৃষ্টি ও ঐতিহ্য সম্পর্কে জ্ঞান লাভ করা যায়। তাই মুদ্রা সংগ্রহ করার অভ্যাস বিনোদনের পাশাপাশি জ্ঞান বৃদ্ধিতেও সহায়ক।

গ. উদ্দীপকে উল্লিখিত ফারাজের অবসর সময় কাটানোর উপায়টি বুদ্ধিমত্তা ও সৃজনশীলতার বিকাশ ঘটায়। সে অবসর সময়ে কাগজ কেটে বিভিন্ন রকম ফুল, পাখি, নকশা তৈরি করে যা তার সৃজনশীল গুণাবলিকে বিকশিত করে। এর মাধ্যমে ফারাজ নিজের উদ্ভাবনী ক্ষমতার প্রকাশ বা নতুন কিছু সৃষ্টি করতে পারবে। এছাড়া ডাকটিকেট সংগ্রহের মাধ্যমে দেশ বিদেশের নাম, প্রতীক, ঐতিহ্য সম্পর্কে জানতে পারবে। আবার ছড়া, রম্য রচনা, মুক্তিযুদ্ধের বই, কার্টুন, রহস্যমূলক বই, গল্প, বিখ্যাত ব্যক্তিবর্গের জীবনী পড়ে ফারাজের জ্ঞান ভান্ডার, কল্পনা ও চিন্তাশক্তির বিকাশ ঘটে। এভাবেই অবসর সময় কাটানোর উপায়গুলো ফারাজের বুদ্ধি ও সৃজনশীলতার বিকাশ ঘটায়।

ঘ. উদ্দীপকে উল্লিখিত ফারাজকে অনুসরণ করার মাধ্যমে সামাজিক গুণ অর্জন সহজেই সম্ভব– কথাটি সঠিক ও যুক্তিযুক্ত। খেলাধুলা যেমন আমাদের আনন্দ দেয়, তেমনি আমাদের সামাজিকতা বিকাশেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। দলগত খেলার মাধ্যমে শিশু যখন অন্যের সাথে মেলামেশা করে, কথা বলে, দল গঠন করে তখন শিশুর মধ্যে সামাজিক বিকাশ ঘটে। শৈশবে শিশুর মধ্যে দলীয় নিয়মকানুন মেনে চলা, সচেতনতা ও একে অপরকে সহযোগিতা করার প্রবণতা গড়ে ওঠে। ফুটবল, ক্রিকেট, হা–ডু–ডু, কানামাছি, ব্যাটমিন্টন ইত্যাদি দলগত খেলা সামাজিকতার বিকাশ ঘটায়।

উদ্দীপকের ফারাজ তার বিদ্যালয়ের ফুটবল টিমের একজন নির্ভরযোগ্য গোলকিপার। যেহেতু ফুটবল খেলা সামাজিকতার বিকাশ ঘটায়, সেহেতু আমরা বলতে পারি ফারাজকে অনুসরণ করার মাধ্যমে সামাজিক গুণাবলি অর্জন সহজেই সম্ভব–কথাটি সঠিক ও যুক্তিযুক্ত।

**প্রশ্ন –২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

সুমিতা রায়হান একজন কর্মজীবী গৃহিণী। পাঁচ বছর বয়সী একমাত্র মেয়ে মিতাকে তিনি সব সময় পুষ্টিকর খাবার খেতে দেন। মিতা টিভি দেখে ও কম্পিউটারে গেমস খেলে অবসর সময় কাটায়। ইদানীং সুমিতা রায়হান খেয়াল করছেন মিতা দিন দিন মোটা হয়ে যাচ্ছে এবং সমবয়সী বাচ্চাদের সাথে মেশার পরিবর্তে একা একা গেমস খেলে।

ক. প্রতিটি সুস্থ শিশু দিনের অধিকাংশ সময় কী করে কাটায়?

খ. বয়স বৃদ্ধির সাথে সাথে খেলার প্রকৃতি পরিবর্তিত হয়– বুঝিয়ে লেখ।

গ. মিতার শারীরিক পরিবর্তনের কারণ ব্যাখ্যা করো।

ঘ. মিতার সময় কাটানোর প্রক্রিয়া তার সামাজিক বিকাশে কিরূ প প্রভাব ফেলবে– বিশ্লেষণ করো।

### ২নং প্রশ্নের উত্তর

ক. প্রতিটি সুস্থ শিশু দিনের অধিকাংশ সময় খেলাধুলা করে কাটায়।

খ. জন্মের পর প্রথম দুই বছর শিশু হাত–পা নাড়াচাড়া করে, আঙুল মুখে দিয়ে আনন্দ পায়। বয়স বৃদ্ধির সাথে সাথে অঙ্গ সঞ্চালনে পরিবর্তন ঘটে। বয়সের পরিবর্তনের ফলে এক এক সময় এক এক চাহিদা তৈরি হয়। ৭–৮ বছর বয়সে শিশুরা দলবদ্ধ হয়ে ফুটবল, বৌচি, গোলরাছুট, দাঁড়িয়াবান্ধা ইত্যাদি খেলা করে থাকে। তাই বলা যায়, বয়স বৃদ্ধির সাথে সাথে খেলার প্রকৃতি পরিবর্তিত হয়।

গ. উদ্দীপকে উল্লিখিত মিতার শারীরিক পরিবর্তনের কারণ হলো অঙ্গসঞ্চালনমূলক খেলাধুলা না করা। মিতা পাঁচ বছর বয়সী শিশু। তার মা তাকে সব সময় পুষ্টিকর খাবার খেতে দেন। মিতা টিভি দেখে আর কম্পিউটার গেমস খেলে অবসর সময় কাটায়। বর্তমানে শহরকেন্দ্রিক জীবন ব্যবস্থায় শিশুদের জন্য পর্যাপ্ত খেলার মাঠের ব্যবস্থা নেই। তাই তারা ঘরের ভেতরের খেলা খেলতে বাধ্য হয়। এর মধ্যে অন্যতম হলো কম্পিউটার গেইম। কম্পিউটারে ঘন্টার পর ঘন্টা খেলার কোনো অঙ্গ সঞ্চালন হয় না। ফলে শরীরে সঞ্চিত বাড়তি খাদ্যশক্তি খরচ হয় না।

এই খাদ্য শক্তি দেহে মেদ রূ পে জমা হয়। যা স্থুলতা তৈরি করে। এ কারণেই মিতা দিন দিন মোটা হয়ে যাচ্ছে।

ঘ. উদ্দীপকের মিতার সময় কাটানোর প্রক্রিয়া তার সামাজিক বিকাশে নেতিবাচক প্রভাব ফেলবে। মিতা টিভি দেখে ও কম্পিউটারে গেমস খেলে সময় কাটায়। মিতার এই সময় কাটানোর প্রক্রিয়ায় তার মানসিক বিকাশ ঘটবে, কিন্তু সামাজিক বিকাশ ঘটবে না। কেননা সামাজিক বিকাশের জন্য দলগত খেলা খুবই গুরবত্বপূর্ণ। দলগত খেলা সামাজিক গুণাবলি অর্জনের সাথে সাথে নৈতিক গুণাবলি বিকাশেও গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে। নৈতিকতার প্রাথমিক শিৰা যদিও আমরা পরিবার থেকে লাভ করি, তবে তা চর্চা হয় খেলার মাঠে। টিভি দেখা ও কম্পিউটারে গেমস খেলার কারণে শিশু সমবয়সীদের সাথে মেশার সুযোগ পায় না, তাই তার সামাজিক বিকাশও ঘটে না। এক সময় সে টিভি দেখা ও কম্পিউটারে গেমস খেলার প্রতি আসক্ত হয়ে একা হয়ে যায়। সুতরাং বলা যায়, মিতার সময় কাটানোর প্রক্রিয়া তার সামাজিক বিকাশে নেতিবাচক প্রভাব ফেলবে।

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

মা শিশিরকে কাগজ দিয়ে পেরন, নৌকা তৈরি করা শেখান। শিশির বৰক দিয়ে বাড়িঘরও তৈরি করতে পারে। এছাড়া তিনি শিশিরকে বাইরেও দলে খেলতে দেন। সে খেলার মাধ্যমে সহযোগিতা, নেতৃত্ব দান, খাপ খাওয়ানো শিখেছে। মা বলেন, খেলার মাধ্যমেই শিশিরের বুদ্ধিমত্তা ও সৃজনশীলতার বিকাশ ঘটছে।'[নরসিংদী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়]

ক. শিশুর একটি শখের নাম লেখো। ১
খ. বুদ্ধি বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. কাগজ ও বৰক দিয়ে বিভিন্ন জিনিস তৈরি শিশিরের কোন ধরনের খেলা ব্যাখ্যা কর। ৩
ঘ. শিশিরের মায়ের উক্তিটির যথার্থতা বিশেরষণ কর। ৪

### ৩নং প্রশ্নের উত্তর

ক. শিশুর একটি শখ হলো ডাক টিকিট সংগ্রহ করা।

খ. বুদ্ধি হচ্ছে এমন একটি মানসিক ৰমতা যার মাধ্যমে আমরা সহজেই পরিবেশের সাথে খাপ খাওয়াতে পারি। খেলাধুলা বুদ্ধিমত্তার বিকাশ ঘটায়।

গ. কাগজ ও বৰক দিয়ে বিভিন্ন জিনিস তৈরি শিশিরের গঠনমূলক খেলা। শিশিরের মা শিশিরকে কাগজ দিয়ে পেরন ও নৌকা তৈরি করতে শেখান। তিনি তাকে বৰক কিনে দিয়েছেন। সে বৰক দিয়ে বাড়িঘর তৈরি করে। এগুলো গঠনমূলক খেলা। সাধারণত তিন বছর বয়সের পর থেকে শিশুর মধ্যে এ ধরনের খেলার প্রতি ঝোঁক দেখা যায়। যেমন– কাগজ দিয়ে পেরন ও নৌকা তৈরি, বালি, কাদামাটি, আটার মন্ড ও বৰক দিয়ে বাড়ি, সেতু ও নানা আকৃতির জিনিস তৈরি করে শিশুরা আনন্দ পায়। এতে শিশুর চিন্তাশক্তির বিকাশ ঘটে। শৈশবে শিশুরা বিভিন্ন জিনিস তৈরি করার মাধ্যমে সহজেই নিজের ধারণা ও অনুভূতি প্রকাশ করতে পারে। শিশিরও এভাবে খেলা করে। কাজেই বলা যায়, কাগজ ও বৰক দিয়ে বিভিন্ন জিনিস তৈরি শিশিরের গঠনমূলক খেলা।

ঘ. শিশিরের মা মনে করেন খেলার মাধ্যমেই শিশিরের বুদ্ধিমত্তা ও সৃজনশীলতার বিকাশ ঘটেছে। শিশির কাগজ দিয়ে পেরন ও নৌকা তৈরি করে। বৰক দিয়েও বাড়িঘর তৈরি করে। এ ধরনের খেলা তার বুদ্ধিমত্তা ও সৃজনশীলতা বিকাশে সহায়তা করে। কারণ এসব খেলার মাধ্যমে সে তার চিন্তা ও কল্পনাশক্তি প্রয়োগ করে বুদ্ধির প্রকাশ ঘটাতে পারে। তবে শিশুর বুদ্ধিমত্তা বিকাশে সৃজনশীলতা খুবই গুরবত্বপূর্ণ বিষয়। সৃজনশীলতা শিশুকে গতিশীল করে। সৃজনশীলতার অর্থ হচ্ছে নতুন কিছু সৃষ্টি করার ৰমতা। কাগজ, কাঠের টুকরা, বৰক, কাদা, কাগজের বাক্স ইত্যাদি দিয়ে শিশু যখন নতুন কিছু তৈরি করে তখনই সৃজনশীলতা প্রকাশ পায়। শিশু সৃজনশীল কাজের মধ্য দিয়ে স্বাধীন, স্বতঃস্ফূর্তভাবে মনের অব্যক্ত ইচ্ছার প্রকাশ ঘটাতে পারে। তাই বলা যায়, শিশিরের মায়ের উক্তিটি যথার্থ।

**প্রশ্ন –৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রিজভী সবসময় ঘরের বাইরে খেলাধুলা করে। ফলে তার শরীরে অতিরিক্ত চর্বি ও মেদ জমে না। রিজভীর বন্ধু রেদোয়ান কম্পিউটারে গেমস খেলে। দিন দিন সে মোটা হয়ে যাচ্ছে। কাজ করলে দুর্বল হয়ে পড়ে। ঘুম হয় না, প্রায়ই তার শরীর অসুস্থ থাকে। [ফেনী সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়]

ক. শিশু কখন থেকে খেলে? ১
খ. শখ পূরণের বিভিন্ন মাধ্যম লেখ। ২
গ. রিজভী কোন ধরনের খেলাধুলা করে? এগুলো তার শারীরিক বিকাশে যেভাবে সহায়তা করে তা বর্ণনা কর। ৩
ঘ. রেদোয়ানের জন্য উক্ত খেলার প্রয়োজনীয়তা বিশেরষণ কর। ৪

### ৪নং প্রশ্নের উত্তর

ক. শিশু জন্মের পর থেকে খেলে।

খ. শখ পূরণের বিভিন্ন মাধ্যম রয়েছে। এর মাধ্যমে মানুষ বিনোদন পেয়ে থাকে। যেমন– গল্প বা কবিতার বই পড়া, ভ্রমণ করা, বাগান করা, ছবি আঁকা, গান শেখা ইত্যাদি।

গ. রিজভী বহিরাঙ্গন খেলাধুলা করে। তার কারণ সে সবসময় ঘরের বাইরে খেলাধুলা করে যা বহিরাঙ্গন খেলাকে নির্দেশ করে। বহিরাঙ্গন খেলার মধ্যে রয়েছে– ফুটবল, ক্রিকেট, গোলরাছুট, হাডুডু ইত্যাদি। এ ধরনের খেলা তার শারীরিক বিকাশে যেভাবে সহায়তা করে তা নিচে বর্ণনা করা হলো :

১. বহিরাঙ্গন খেলাধুলার ফলে রিজভীর অঙ্গপ্রত্যঙ্গ সুগঠিত হয়।
২. রক্ত চলাচল ভালো হয়।
৩. দূষিত পদার্থ ঘামের মাধ্যমে বের হয়ে যায়।
৪. মাংসপেশি সতেজ ও সবল থাকে।
৫. পেশি চালনার নৈপুণ্য অর্জিত হয়।
৬. হজমশক্তি বৃদ্ধি পায় ফলে ৰুধা বাড়ে।
৭. ঘুম ভালো হয়।

অর্থাৎ বহিরাঙ্গন খেলাধুলা রিজভীর শারীরিক বিকাশে গুরবত্বপূর্ণ অবদান রাখে।

ঘ. উক্ত খেলা হলো বহিরাঙ্গন খেলা। খেলা অভ্যন্তরীণ ও বহিরাঙ্গন উভয় রকমই হয়। খেলা শিশুর অতিরিক্ত শক্তি শরীর হতে বের করে দিয়ে শিশুকে সুস্থ, সবল ও প্রাণবন্ত রাখে। রেদোয়ান কম্পিউটারে খেলে বলে তার শক্তি ব্যয় হয় না। ফলে অতিরিক্ত শক্তি তার দেহে জমা হতে থাকে। এভাবে দিন দিন সে মোটা হয়ে যাচ্ছে। ঘুম হচ্ছে না, দুর্বল লাগছে ও শরীর প্রায়ই অসুস্থ থাকছে। এ কারণে তার বহিরাঙ্গনের খেলা জরবরি। কেননা এ ধরনের খেলা যেমন– দৌড়ঝাপ, সাঁতার কাটা, ফুটবল বা ক্রিকেট খেললে তার শারীরিক কসরত হবে। অঙ্গপ্রত্যঙ্গের ব্যায়াম হবে, রক্ত চলাচল ভালো হবে, হজমশক্তি বৃদ্ধি পাবে, ঘুম ভালো হবে, মাংসপেশী সতেজ থাকবে। এছাড়া হৃদযন্ত্রের ও শ্বাসযন্ত্রের বিশেষ উপকার হবে। তাই রেদোয়ানের জন্য বহিরাঙ্গনের খেলা বিশেষ প্রয়োজন।

**প্রশ্ন –৫ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রাফি ও রাইমা দুই ভাইবোন। রাফির বয়স ৭ বছর। আর রাইমার বয়স ১০ মাস। রাইমা একা একা নিজের হাত পা নিয়ে খেলে। কোনো খেলনা

পেলে সেটা নেড়েচেড়ে দেখে। আর রাফি বন্ধুদের সাথে ফুটবল খেলে। মাঝে মধ্যে হাডুডুও খেলে।

ক. শখ শব্দের অর্থ কী? ১
খ. ভ্রমণ জ্ঞানভান্ডারকে সমৃদ্ধ করে কীভাবে? ২
গ. রাইমার খেলা কিরূ প খেলাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. রাফির খেলার উপযোগিতা বিশেরষণ কর। ৪

### ৫নং প্রশ্নের উত্তর

ক. শখ শব্দের অর্থ হচ্ছে মনের ঝোঁক বা আগ্রহ।

খ. ভ্রমণ মানুষের জ্ঞানভান্ডারকে সমৃদ্ধ করে। বিশ্বের বিভিন্ন দেশে রয়েছে বিখ্যাত ঐতিহাসিক স্থান। এ দর্শনীয় স্থানগুলো ভ্রমণের মাধ্যমে একদিকে যেমন প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করা যায় অপরদিকে তেমনি এসব স্থান সম্পর্কে ঐতিহাসিক জ্ঞান লাভ করা যায়।

গ. রাইমার খেলা একাকী খেলাকে নির্দেশ করে। আমরা পাঠ্যবই থেকে জানতে পারি, শিশু জন্মের প্রথম বছরে একা একা নিজের হাত পা নিয়ে খেলে। কোনো জিনিস নেড়েচেড়ে দেখে, চুষে ও বাজিয়ে শব্দ করে সে আনন্দ পায়। এটা একাকী খেলা। এখানে বস্তুর ব্যবহার থাকতে পারে আবার নাও পারে। এ বয়সে তার সামাজিক বিকাশ হয় বলেই সে একা একা খেলে। অনুরূ পভাবে উদ্দীপকে বর্ণিত রাইমার ৰেত্রেও দেখা যায়– রাইমার বয়স ১০ মাস। সে একা একা নিজের হাত পা নিয়ে খেলে। কোনো খেলনা পেলে সেটা নেড়েচেড়ে দেখে যা একাকী খেলার সাথে সাদৃশ্যপূর্ণ। সুতরাং বলা যায়, রাইমার খেলা একাকী খেলাকে নির্দেশ করে।

ঘ. রাফির খেলা হচ্ছে সমবায় খেলা। কারণ সাত বছর বয়সী রাফি তার বন্ধুদের সাথে ফুটবল খেলে। মাঝে মধ্যে হাডুডুও খেলে যা সমবায় খেলাকে নির্দেশ করে। নিচে রাফির খেলা অর্থাৎ সমবায় খেলার উপযোগিতা বিশেৰষণ করা হলো :

১. নিজ নিজ কর্তব্য ও দায়িত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পায়।
২. সহযোগিতামূলক মনোভাব সৃষ্টি হয়।
৩. নেতৃত্ব দানের গুণাবলির বিকাশ হয়।
৪. দলের সাথে সহজে খাপ-খাওয়ানে শেখা যায়।
৫. খেলার সরঞ্জাম ও তথ্য আদান প্রদান করা শেখা যায়।
৬. গঠনমূলক কাজের বিকাশ ঘটে।
৭. রীতিনীতি, আইন কানুন মেনে চলার প্রবণতা তৈরি।
৮. নৈতিক গুণাবলির বিকাশ ঘটে।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন -৬ ▸** সৈকত ৫ম শ্রেণিতে পড়ে। তাকে তার মা ফুটবল, গোলরাছুট খেলতে দেয় না। সে বাসায় ঘণ্টার পর ঘণ্টা কম্পিউটারে গেমস খেলে। দিন দিন তার ওজন বেড়ে যাচ্ছে, ঘাড়ে, পিঠে ও কোমরে ব্যথা হচ্ছে। তার মা তাকে ডাক্তারের কাছে নিয়ে গেলে ডাক্তার বলেন, বহিরাজ্ঞান খেলা শারীরিক বিকাশ ও সুস্থতায় গুরবত্বপূর্ণ অবদান রাখে।

ক. সাইকেল চালানো কোন ধরনের খেলা? ১
খ. অজ্ঞা সঞ্চালনমূলক খেলার গুরবত্ব ব্যাখ্যা করো। ২
গ. সৈকতকে কীভাবে সুস্থ করে তোলা যায়? বর্ণনা করো। ৩
ঘ. ডাক্তারের পরামর্শটি মূল্যায়ন কর। ৪

**প্রশ্ন -৭ ▸** মাহিরের নৈপুণ্যতা, আবিষ্কারের দৰতা, নিয়মনীতি মেনে খেলাধুলার কারণে সবাই তাকে দলের নেতা মানে। তার সহযোগিতাপূর্ণ মনোভাব, প্রখর চিন্তা ও কল্পনা শক্তির জন্য সে সবার কাছে বেশ প্রশংসনীয়। সৃজনশীল খেলা তার খুব প্রিয়। এর সাহায্যে সে তার স্বকীয়তা ফুটিয়ে তোলে ও চিন্তার সহজ ব্যবহার করে।

ক. মুদ্রার ওপর কীসের ছাপ থাকে? ১
খ. সৃজনশীলতা বলতে কী বোঝ? ২
গ. মাহির কীভাবে নৈপুণ্যতা অর্জন করল বর্ণনা করো। ৩
ঘ. মাহিরের আচরণে খেলাধুলার প্রভাব বিশেৰষণ করো। ৪

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ◘ জ্ঞানমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ খেলা কীরূপ আচরণ?**
**উত্তর :** খেলা স্বতঃস্ফূর্ত ও আনন্দদায়ক সৃজনধর্মী আচরণ।

**প্রশ্ন ॥ ২ ॥ শিশুদের নৈতিকতার চর্চা হয় কোথায়?**
**উত্তর :** শিশুদের নৈতিকতার চর্চা হয় খেলার মাঠে।

**প্রশ্ন ॥ ৩ শিশুকে গতিশীল করে কোনটি?**
**উত্তর :** শিশুকে গতিশীল করে সৃজনশীলতা।

**প্রশ্ন ॥ ৪ সৃজনশীলতা অর্থ কী?**
**উত্তর :** সৃজনশীলতা অর্থ মেধার চূড়ান্ত অভিব্যক্তি বা উদ্ভাবনী শক্তির বিকাশ।

### ◘ অনুধাবনমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ শারীরিক বিকাশে খেলাধুলার ভূমিকা ব্যাখ্যা কর।**
**উত্তর :** শারীরিক বিকাশে খেলাধুলার ভূমিকা অপরিসীম। খেলা শিশুর অজ্ঞপ্রত্যজ্ঞা বলিষ্ঠ ও শক্ত করে। খেলাধুলার কারণে শ্বাস-প্রশ্বাসের গতি দ্রবত ও গভীর হয়। এতে শরীরের রক্ত সঞ্চালন বাড়ে, যা শরীর থেকে দূষিত পদার্থ বেরিয়ে যেতে সাহায্যে করে। খেলাধুলা না করলে বা শারীরিক পরিশ্রম না হলে খাবার থেকে প্রাপ্ত খাদ্যশক্তি দেহে জমা থাকে। খেলাধুলার ফলে এসব বাড়তি শক্তি দহনের মাধ্যমে দেহ থেকে বের হয়। ফলে শিশু সুস্থ ও সবল থাকে।

**প্রশ্ন ॥ ২ ॥ খেলাধুলা শিশুদের সামাজিকতা বিকাশে কী ভূমিকা রাখে?**
**উত্তর :** খেলাধুলা যেমন আনন্দ দেয় তেমনি সামাজিকতা বিকাশেও গুরবত্বপূর্ণ ভূমিকা রাখে। খেলাধুলা করার জন্য শিশুরা একে অন্যের সাথে মেশে, দল গঠন করে। এভাবে তাদের মধ্যে নিজ কর্তব্য ও দায়িত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পায়, সহযোগিতামূলক মনোভাব সৃষ্টি হয়, নেতৃত্ব দানের গুণাবলির বিকাশ ঘটে, তথ্য আদান প্রদানের অভ্যাস গড়ে ওঠে। গঠনমূলক কার্যকলাপ বৃদ্ধি পায়, রীতিনীতি, আইনকানুন মেনে চলার প্রবণতা বৃদ্ধি পায়। এভাবে শিশুর মধ্যে সামাজিকতার বিকাশ ঘটে।

**প্রশ্ন ॥ ৩ ॥ বুদ্ধি ও সৃজনশীলতা বিকাশে খেলাধুলার ভূমিকা ব্যাখ্যা কর।**
**উত্তর :** শিশু যখন দাবা, বল, ক্রিকেট ইত্যাদি খেলা করে, তখন বুদ্ধিমত্তার প্রকাশ ঘটাতে, কৌশল ও নৈপুণ্য দেখাতে চেষ্টা করে। সে যখন ছবি আঁকে, রং করে, কাগজ, কাদা, বালি, বরক দিয়ে কিছু তৈরি করে তখন তার মাঝে সৃজনশীলতার প্রকাশ ঘটে। শিশু নিজের বুদ্ধিমত্তা, কল্পনাশক্তি, চিন্তাশক্তি, আত্মধারণা প্রয়োগ করে নতুন কিছু সৃষ্টি করে। তাই বলা যায়, বুদ্ধি ও সৃজনশীলতা বিকাশে খেলাধুলার গুরবত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

**প্রশ্ন ॥ ৪ ॥ শিশুদের শখ ব্যাখ্যা কর।**
**উত্তর :** শখ শব্দের অর্থ হচ্ছে মনের ঝোঁক বা আগ্রহ। শিশুদের মাঝে বিচিত্র ধরনের শখ লৰ করা যায়। যেমন : কেউ ডাকটিকিট সংগ্রহ করে, কেউ মুদ্রা সংগ্রহ করে, কেউ ছবি, ভিউকার্ড, পোস্টার সংগ্রহ করে। কেউ গল্প বা কবিতার বই পড়ে মজা পায়। কেউবা ফেলে দেওয়া কৌটা, ছোটবাক্স সংগ্রহ করে আনন্দ পায়। আবার কেউ ভ্রমণ করে, ছবি এঁকে, বাগান করে শখ পূরণ করে।